# আইইবি, ঢাকা কেন্দ্রের লোকাল কাউন্সিলের বার্ষিক প্রতিবেদন

## সূচীপত্র


| ক্রম | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | কাউন্সিল সভার বিবরণ | ৩ |
| ২. | নির্বাহী কমিটির সভার বিবরণ | ৩ |
| ৩. | এক নজরে আইইবি, ঢাকা কেন্দ্রের ২১ টি স্ট্যান্ডিং কমিটির তালিকা | ৩-৪ |
| ৪. | আইইবি'র ৬০তম কনভেনশন উপলক্ষে গঠিত ৩৬ টি কমিটির তালিকা | ৪-৫ |
| ৫. | এক নজরে আইইবি'র ৬০তম কনভেনশন উপলক্ষে গঠিত কমিটিসমূহের সভা বিবরণী | ৫-৬ |
| ৬. | এএমআইই কার্যক্রমের বিবরণ | ৬ |
| ৭. | সদস্য সংগ্রহের বিবরণ | ৬ |
| ৮. | আইইবি, ঢাকা কেন্দ্রের ২০২০-২২ সাল মেয়াদের (১৮ ডিসেম্বর, ২০২২ খ্রি. থেকে ৩১ মে, ২০২৩ খ্রি. পর্যন্ত) কাউন্সিলের সম্পাদিত কর্মকান্ডের প্রতিবেদন ছক | ৬-১১ |
| ৯. | পূর্ত নির্মাণ কর্মসূচীর নির্মাণ | ১১-১২ |
| ১০. | আইইবি, ঢাকা কেন্দ্রের ২০২০-২২ সাল মেয়াদের (১৮ ডিসেম্বর, ২০২২ খ্রি. থেকে ৩১ মে, ২০২৩ খ্রি. পর্যন্ত) আয়-ব্যয়ের প্রতিবেদন | |

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম

**আইইবি, ঢাকা কেন্দ্রের ২০২০-২০২২ সাল মেয়াদের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন**

**২০২০-২০২২ সাল মেয়াদে আইইবি, ঢাকা কেন্দ্র কাউন্সিলের (১৮ ডিসেম্বর, ২০২২ খ্রি. থেকে ৩১ মে, ২০২৩ খ্রি. পর্যন্ত) সময়ের কর্মকান্ডের প্রতিবেদন**

**৫৬তম বার্ষিক সাধারণ সভার শ্রদ্ধেয় সভাপতি**

**উপস্থিত প্রিয় প্রকৌশলী ভাই ও বোনেরা**

**আসসালামু আলাইকুম।**

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ ঢাকা কেন্দ্র কাউন্সিল ও আমার নিজের পক্ষ থেকে আপনাদের সকলকে ৫৬তম বার্ষিক সাধারণ সভায় আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানাই। আজকের এই দিনে আমি সশ্রদ্ধাভরে স্মরণ করছি স্বাধীনতার স্বপ্নদ্রষ্টা, স্বাধীন বাংলাদেশের স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি ১৯৭৫ এর ১৫ আগষ্টের কাল রাতে বঙ্গবন্ধুর সাথে শহিদ বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসাসহ বঙ্গবন্ধু পরিবারের সকল শহিদকে। আমি আরও স্মরণ করছি ৫২'র ভাষা আন্দোলন থেকে শুরু করে ৭১ এর স্বাধীনতা যুদ্ধের এই সুদীর্ঘ পথ পাড়ি দিতে যে সকল বীর সেনানীরা আত্মত্যাগ করেছেন তাঁদেরকে। একই সাথে ৩০ লক্ষ শহিদ, ২ লক্ষ মা বোনকে ও গণতান্ত্রিক আন্দোলনে যারা আত্মাহুতি দিয়েছেন, তাঁদের সকলকে শ্রদ্ধাভরে স্মরণ করছি। আরো স্মরণ করছি ১৯৭৫ সালের ৩রা নভেম্বর কারাগারে নির্মম হত্যাকান্ডের শিকার বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর ও মহান মুক্তিযুদ্ধের সংগঠক শহিদ জাতীয় চার নেতাকে। আমি শ্রদ্ধার সাথে স্মরণ করি স্বাধীনতা স্বাধীনতা সংগ্রামে যে সকল প্রকৌশলী আত্মাহুতি দিয়েছেন সেই সকল শহিদ প্রকৌশলীদের। স্মরণ করছি প্রকৌশলী মরহুম আব্দুল জব্বারসহ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের প্রতিষ্ঠালগ্ন থেকে যাঁরা এ প্রতিষ্ঠানের ক্রমবর্ধমান উন্নতির জন্য নেতৃত্ব দিয়েছেন, সহায়তা করেছেন তাদের সকলকে। কাউন্সিলের পক্ষ থেকে আমি প্রথমে বিগত সাধারণ সভার পর হতে আজ পর্যন্ত যে সকল প্রকৌশলী ইন্তেকাল করেছেন, তাঁদের সকলের আত্মার শান্তি কামনা করছি এবং সকলকে শ্রদ্ধাভরে স্মরণ করছি।

৫৫তম বার্ষিক সাধারণ সভার পর থেকে এ পর্যন্ত আমাদের জানামতে যে সকল প্রকৌশলী ইন্তেকাল করেছেন, তারা হলেন-

১. প্রকৌশলী মো. সলিম উদ্দিন, এম/৭০৯৭
২. প্রকৌশলী আখলাক হোসেন শোভন
৩. প্রকৌশলী আফতাব উদ্দিন আহমেদ, এফ/১৪২৬
৪. প্রকৌশলী মোখলেসুজ্জামান
৫. প্রকৌশলী এ.কে.এম. রেজাউল করিম, পিইঞ্জ, এফ/১৬৪৮
৬. ড. প্রকৌশলী মো. আবুল কাশেম, এফ/১১১২

গত বার্ষিক সাধারণ সভার পর আমরা যাঁদের হারিয়েছি, তাঁরা প্রত্যেকেই দেশের জন্য অনেক অবদান রেখে গেছেন। ঢাকা কেন্দ্র তথা আইইবি'র বিভিন্ন কর্মকান্ডে তাদের ভূমিকা ছিল উল্লেখযোগ্য এবং প্রকৌশলী সমাজে তাদের অবদান ছিল অনস্বীকার্য। আমি বিগত ০৫ মাস সময়ের প্রয়াত সকল প্রকৌশলীর মহতী আত্মার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপণ করছি এবং তাঁদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি। সেই সাথে তাঁদের পরিবার-পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপণ করছি। পরম করুণাময় মহান আল্লাহতায়ালার কাছে প্রার্থনা করি তিনি যেন তাঁদের শোকসন্তপ্ত পরিবারকে এই শোক সইবার তওফিক দেন। বিগত মাসগুলোতে আমরা এমন কিছু প্রকৌশলী নেতৃত্বকে হারিয়েছি, আইইবি এবং জাতীয় পর্যায়ে যাঁদের অবদান অপরিসীম।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, শহিদ বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসাসহ বঙ্গবন্ধু পরিবারের সকল শহিদ সদস্যদের, স্বাধীনতা যুদ্ধের সকল বীর মুক্তিযোদ্ধা, শহিদ প্রকৌশলী সকল মুক্তিযোদ্ধা এবং আইইবি'র মরহুম প্রকৌশলীবৃন্দের মাগফিরাত কামণায় এখন দোয়া করবেন আইইবি'র পেশ ঈমাম মুফতি সাইফুল ইসলাম।

**প্রিয় প্রকৌশলীবৃন্দ,**

প্রকৌশল পেশার মানোন্নয়ন, বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষ সাধন এবং উন্নত জগত গঠনের ব্রত নিয়ে ১৯৪৮ সালের ০৭মে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) প্রতিষ্ঠিত হয়। আইইবি এ দেশের সবচেয়ে প্রাচীন পেশাজীবী প্রতিষ্ঠান ও এদেশের প্রকৌশলীদের একমাত্র জাতীয় প্রতিষ্ঠান।

আর ১৯৫৩ সালে প্রতিষ্ঠিত আইইবি, ঢাকা কেন্দ্র আইইবি'র সর্ববৃহৎ ও সর্বপ্রাচীন কেন্দ্র। দেশের প্রকৌশল সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানগুলির সদর দপ্তর রাজধানী ঢাকায় অবস্থিত এবং এসব প্রতিষ্ঠানসমূহের প্রধানগণসহ বিপুল সংখ্যক প্রকৌশলী ঢাকা কেন্দ্রের সদস্য। আইইবি সদর দপ্তরের বর্তমান সদস্য সংখ্যা ৫৭,৩৭২ এবং আইইবি, ঢাকা কেন্দ্রের বর্তমান সদস্য সংখ্যা ৩৬৯৮৮। যার মধ্যে ফেলো সদস্য ৯৮৮০, মেম্বার ১৯৬৪২, এ্যাসোসিয়েট মেম্বার-৭৪৬৬। আইইবি'র মোট সদস্য সংখ্যার প্রায় ৬৪% ঢাকা কেন্দ্রের অধিভুক্ত। ফলে আইইবি'র লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে ঢাকা কেন্দ্রের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং স্বভাবতই এ কেন্দ্রের কাছে সদস্যদের প্রত্যাশা অনেক বেশী। সাধ ও সাধ্যের সমন্বয় করতে গিয়ে বিভিন্ন সময়ে সম্মানিত সদস্যদের কাঙ্খিত সকল প্রত্যাশা পূরণ অনেক সময় সম্ভব হয়ে ওঠে না।

**শ্রদ্ধেয় প্রকৌশলীবৃন্দ,**

ঢাকা কেন্দ্র কাউন্সিল দায়িত্বভার গ্রহণের পর সম্পাদিত ও কাউন্সিলের উপর অর্পিত কর্মকান্ডের সফলতা ব্যর্থতার বিচার বিশ্লেষণ ও মূল্যায়ন করার দায়িত্ব আপনাদের। যা কিছু অর্জন তা আপনাদের প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতার মাধ্যমেই সম্ভব হয়েছে এবং ভবিষ্যতেও আপনাদের সুচিন্তিত পরামর্শ, মতামত ও দিক নির্দেশনা দিয়ে কেন্দ্রকে সার্বিকভাবে সহযোগিতা করবেন বলে প্রত্যাশা করছি।

**সম্মানিত প্রকৌশলীবৃন্দ,**

সভাপতির অনুমতিক্রমে ৫৫তম বার্ষিক সাধারণ সভার পর থেকে (১৮ ডিসেম্বর, ২০২২ খ্রি. থেকে ৩১ মে, ২০২৩ খ্রি. পর্যন্ত) এ পর্যন্ত কাউন্সিলের কার্যক্রমের প্রতিবেদন আপনাদের সদয় অবগতি এবং অনুমোদনের জন্য উপস্থাপন করছি।

❖ **কাউন্সিল সভার বিবরণ ঃ**

আইইবি, ঢাকা কেন্দ্রের ৫৫তম বার্ষিক সাধারণ সভার পর হতে ০১ টি কাউন্সিল সভা অনুষ্ঠিত হয়।

| তারিখ | কাউন্সিল সভার ক্রমিক (১০ম সভা) | স্থান |
|---|---|---|
| ২৭/০৪/২০২৩ | ৪৫৮তম কাউন্সিল সভা | আইইবি কাউন্সিল কক্ষ (নতুন ভবনের ২য় তলা) |

❖ **নির্বাহী কমিটির সভার বিবরণ ঃ**

আইইবি, ঢাকা কেন্দ্রের ৫৫তম বার্ষিক সাধারণ সভার পর হতে নির্বাহী কমিটির মোট ০৪ টি সভা অনুষ্ঠিত হয়।

| তারিখ | নির্বাহী কমিটির সভার ক্রমিক (২৩-২৬তম সভা) | স্থান |
|---|---|---|
| ২৯/১২/২০২৩ | নির্বাহী কমিটির ২৩তম জরুরী সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের চেয়ারম্যান মহোদয়ের কক্ষ |
| ১৩/০৩/২০২৩ | নির্বাহী কমিটির ২৪তম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের চেয়ারম্যান মহোদয়ের কক্ষ |
| ১৩/০৪/২০২৩ | নির্বাহী কমিটির ২৫তম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের চেয়ারম্যান মহোদয়ের কক্ষ |
| ২১/০৫/২০২৩ | নির্বাহী কমিটির ২৬তম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের চেয়ারম্যান মহোদয়ের কক্ষ |

আইইবি, ঢাকা কেন্দ্রের ২০২০-২২ সাল মেয়াদের কর্মকান্ড পরিচালনার জন্য কেন্দ্রের ২১ টি কমিটি গঠন করা হয়। এ সকল স্ট্যান্ডিং কমিটির সম্মানিত প্রকৌশলী সদস্যবৃন্দ বিভিন্ন সময়ে আইইবি, ঢাকা কেন্দ্রের কাউন্সিলকে বিভিন্ন রকম সুচিন্তিত পরামর্শ প্রদান করে কেন্দ্রের কর্মকান্ড সুচারুরূপে সম্পন্ন করতে সহযোগিতা করেছেন। স্ট্যান্ডিং কমিটিগুলি নিজস্ব কর্মপরিধি মোতাবেক সময়ে সময়ে বিভিন্ন কর্মকান্ড গ্রহণ ও বাস্তবায়ন করেছেন। যার ফলে কেন্দ্রের বর্তমান মেয়াদের কাউন্সিল উল্লেখযোগ্য পরিমানে কর্মসূচী সফলভাবে বাস্তবায়ন করার সুযোগ পেয়েছে।

➢ **আইইবি, ঢাকা কেন্দ্রের ২১ টি স্ট্যান্ডিং কমিটি নিম্নরূপ ঃ**

১. উপদেষ্টা পরিষদ
২. স্টিয়ারিং কমিটি
৩. অর্থ ও বিজ্ঞাপন কমিটি
৪. সেমিনার ব্যবস্থাপনা কমিটি
৫. ট্রেনিং ব্যবস্থাপনা কমিটি
৬. আপ্যায়ন কমিটি

৭. এমমআইই পরীক্ষা ও কোচিং কমিটি
৮. ক্রীড়া, সাংস্কৃতিক ও সামাজিক কল্যাণ কমিটি
৯. বেসরকারি প্রকৌশলী চাকুরী সহায়তা কমিটি
১০. গবেষণা ও উন্নয়ন বিষয়ক কমিটি
১১. মহিলা ও শিশু বিষয়ক কমিটি
১২. প্রবীণ প্রকৌশলী হিতৈষী কমিটি
১৩. অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ কমিটি
১৪. প্রচার ও প্রকাশনা কমিটি
১৫. বেসরকারী প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা মান উপযোগীকরণ কমিটি
১৬. পেশাগত সমস্যা ও নিরাপত্তা বিষয়ক কমিটি
১৭. আইসিটি বিষয়ক কমিটি
১৮. কারিগরী ভ্রমণ কমিটি
১৯. উপহার ও সাজসজ্জা বিষয়ক কমিটি
২০. ইভেন্ট ম্যানেজমেন্ট কমিটি
২১. অডিট কমিটি

➢ **আইইবি'র ৬০তম কনভেনশন উপলক্ষে গঠিত ৩৬ টি কমিটি নিম্নরূপ ঃ**

১. উপদেষ্টা কমিটি
২. প্রস্তুতি কমিটি
৩. স্টিয়ারিং কমিটি
৪. নিবন্ধন কমিটি
৫. অর্থ কমিটি
৬. বিজ্ঞাপন কমিটি
৭. স্মরণিকা কমিটি
৮. আপ্যায়ন কমিটি
৯. সাংস্কৃতিক কমিটি
১০. সাজসজ্জা কমিটি
১১. মঞ্চসজ্জা কমিটি
১২. জনসংযোগ (মিডিয়া) কমিটি
১৩. প্রচার কমিটি
১৪. প্রকাশনা কমিটি
১৫. ইউটিলিটি সার্ভিস কমিটি
১৬. বিদ্যুৎ ব্যবস্থাপনা কমিটি
১৭. বিদেশী অতিথি অভ্যর্থনা কমিটি
১৮. ছাত্র বিষয়ক/এএমআইই সনদ প্রদান সহায়ক কমিটি
১৯. ক্রেষ্ট তৈরী কমিটি
২০. উপহার কমিটি
২১. আসন বিন্যাস কমিটি
২২. অভ্যর্থনা কমিটি
২৩. স্বেচ্ছাসেবক কমিটি
২৪. নিরাপত্তা কমিটি

২৫. আইসিটি বিষয়ক কমিটি
২৬. ডিজিটাল ডিসপ্লে কমিটি
২৭. প্রদর্শনী কমিটি
২৮. পরিবহন কমিটি
২৯. সেমিনার ব্যবস্থাপনা কমিটি
৩০. শহীদ প্রকৌশলী পরিবারের সম্বর্ধনা প্রদান কমিটি
৩১. কারিগরী ভ্রমন কমিটি
৩২. রক্তদান ও চিকিৎসা বিষয়ক কমিটি
৩৩. পিইঞ্জ সনদ প্রদান সহায়ক কমিটি
৩৪. আবাসন কমিটি
৩৫. আমন্ত্রনপত্র বিতরণ কমিটি
৩৬. প্রকৌশল ছাত্র বিষয়ক কমিটি

কনভেনশন উপলক্ষে গঠিত বিভিন্ন কমিটিসমূহ বিভিন্ন সময়ে সভা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করেছেন। কনভেনশন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনে এ সকল কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটি ও কাউন্সিলের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপণ করছি।

➢ **এক নজরে আইইবি'র ৬০তম কনভেনশন উপলক্ষে গঠিত কমিটিসমূহের সভা বিবরণী ঃ**

| ক্রম | কমিটি | সভা |
|---|---|---|
| ১. | প্রস্তুতি কমিটি | প্রস্তুতি কমিটির সাথে কনভেনশনের সকল কমিটির ০১ টি যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ২. | স্টিয়ারিং কমিটি | স্টিয়ারিং কমিটির সাথে কনভেনশনের সকল কমিটির ০১ যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৩. | নিবন্ধন কমিটি | নিবন্ধন কমিটির মোট ০৯ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৪. | অর্থ কমিটি | অর্থ কমিটির মোট ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া অর্থ কমিটি ও বিজ্ঞাপন কমিটির ০১ টি যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৫. | বিজ্ঞাপন কমিটি | বিজ্ঞাপন কমিটির মোট ০৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৬. | স্মরণিকা কমিটি | স্মরণিকা কমিটির মোট ০৬ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৭. | আপ্যায়ন কমিটি | আপ্যায়ন কমিটির মোট ০৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৮. | সাংস্কৃতিক কমিটি | সাংস্কৃতিক কমিটির মোট ০৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৯. | সাজসজ্জা কমিটি | সাজসজ্জা কমিটির মোট ০৪ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১০. | মঞ্চসজ্জা কমিটি | মঞ্চসজ্জা কমিটির মোট ০৪ টি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>সাজসজ্জা ও মঞ্চসজ্জা কমিটি ০৩ টি যৌথ সভা করেছেন। |
| ১১. | জনসংযোগ (মিডিয়া) কমিটি | জনসংযোগ (মিডিয়া) কমিটির মোট ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১২. | প্রচার কমিটি | প্রচার কমিটির মোট ০৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১৩. | প্রকাশনা কমিটি | প্রকাশনা কমিটির মোট ০৪ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১৪. | ইউটিলিটি সার্ভিস কমিটি | ইউটিলিটি সার্ভিস কমিটির মোট ০১ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১৫. | বিদ্যুৎ ব্যবস্থাপনা কমিটি | বিদ্যুৎ ব্যবস্থাপনা কমিটির মোট ০৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১৬. | বিদেশী অতিথি অভ্যর্থনা কমিটি | বিদেশী অতিথি অভ্যর্থনা কমিটির মোট ০৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১৭. | ছাত্র বিষয়ক/এএমআইই সনদ প্রদান সহায়ক কমিটি | ছাত্র বিষয়ক/এএমআইই সনদ প্রদান সহায়ক কমিটির মোট ০৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১৮. | ক্রেষ্ট তৈরী কমিটি | ক্রেষ্ট তৈরী কমিটির মোট ০৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১৯. | উপহার কমিটি | উপহার কমিটির মোট ০৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ২০. | আসন বিন্যাস কমিটি | আসন বিন্যাস কমিটির মোট ০১ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ২১. | অভ্যর্থনা কমিটি | - |

| | | |
|---|---|---|
| ২২. | স্বেচ্ছাসেবক কমিটি | স্বেচ্ছাসেবক কমিটি, আসন বিন্যাস ও নিরাপত্তা কমিটি ০১ টি যৌথ সভা করেছে। |
| ২৩. | নিরাপত্তা কমিটি | নিরাপত্তা কমিটির মোট ০১ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ২৪. | আইসিটি বিষয়ক কমিটি | আইসিটি বিষয়ক কমিটির মোট ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ২৫. | ডিজিটাল ডিসপ্লে কমিটি | ডিজিটাল ডিসপ্লে কমিটির মোট ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ২৬. | প্রদর্শনী কমিটি | প্রদর্শনী কমিটির মোট ০৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ২৭. | পরিবহন কমিটি | পরিবহন কমিটির মোট ০৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ২৮. | সেমিনার ব্যবস্থাপনা কমিটি | - |
| ২৯. | শহীদ প্রকৌশলী পরিবারের সম্বর্ধনা প্রদান কমিটি | শহীদ প্রকৌশলী পরিবারের সম্বর্ধনা প্রদান কমিটির মোট ০৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৩০. | কারিগরী ভ্রমন কমিটি | কারিগরী ভ্রমন কমিটির মোট ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৩১. | রক্তদান ও চিকিৎসা বিষয়ক কমিটি | রক্তদান ও চিকিৎসা বিষয়ক কমিটির মোট ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৩২. | পিইঞ্জ সনদ প্রদান সহায়ক কমিটি | পিইঞ্জ সনদ প্রদান সহায়ক কমিটির মোট ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৩৩. | আবাসন কমিটি | আবাসন কমিটির মোট ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৩৪. | আমন্ত্রনপত্র বিতরণ কমিটি | আমন্ত্রনপত্র বিতরণ কমিটির মোট ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৩৫. | প্রকৌশল ছাত্র বিষয়ক কমিটি | প্রকৌশল ছাত্র বিষয়ক কমিটির মোট ০৪ টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| | | **কনভেনশনের বিভিন্ন কমিটির মোট ১০১ টি সভা অনুষ্ঠিত হয়েছে** |

❖ <u>এএমআইই কার্যক্রমের বিবরণ ঃ</u>

আইইবি, ঢাকা কেন্দ্রে এএমআইই কোর্সে ২০২৩ সালের ফেব্রুয়ারী টার্মে ১৪৪ জন শিক্ষার্থী ভর্তি হয়। এএমআইই কোর্সের বিভিন্ন বিষয়গুলির উপর আইইবি, ঢাকা কেন্দ্র কর্তৃক বুয়েটের স্বনামধন্য শিক্ষকদের দ্বারা কোচিং ক্লাস পরিচালনা করা হয়। বর্তমানে বুয়েটের শিক্ষক দ্বারা স্ট্রাকচারাল ডিজাইন বিষয়ের উপর ১৬ জন ছাত্রের কোচিং নেয়া হচ্ছে। ভবিষ্যতে এই কোচিং এর পরিধি বাড়ানোর বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

❖ <u>সদস্য সংগ্রহের বিবরণ ঃ</u>

আইইবি, ঢাকা কেন্দ্রের বর্তমান মেয়াদের নির্বাহী কমিটি ও কাউন্সিল দায়িত্ব গ্রহণের পর থেকে আইইবি'র সদস্য সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিকভাবে নতুন পাশ করা প্রকৌশলীদের বিভিন্নভাবে আইইবি'র লক্ষ্য ও পেশাগত উৎকর্ষতা সাধনসহ বিভিন্ন বিষয়াদি সামনে রেখে তাদেরকে আইইবি'র সদস্য পদ হতে প্রতিনিয়ত সহায়তা করেছেন।

- **আইইবি, ঢাকা কেন্দ্রের ২০২০-২২ সাল মেয়াদের (১৮ ডিসেম্বর, ২০২২ খ্রি. থেকে ৩১ মে, ২০২৩ খ্রি. পর্যন্ত) বার্ষিক প্রতিবেদনের ছক ঃ**

| ক্রম | তারিখ ও স্থান | সম্পাদিত কর্মকান্ডসমূহ |
|---|---|---|
| ১. | ২৬ - ৩০ ডিসেম্বর, ২০২২ খ্রি., সোম-শুক্রবার (৫ দিনব্যাপী), আইইবি ঢাকা কেন্দ্রের কাউন্সিল হল | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্রের উদ্যোগে Public Procurement (PP) -এ দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে “5 days Practitioners Certificate Course on PPR & DP Funded Procurements" Batch-P03 – প্রশিক্ষণ আয়োজন করে। প্রশিক্ষণটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রকৌশলী মোল্লা মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র, প্রকৌশলী কাজী খায়রুল বাশার, সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র, অধ্যাপক ড. প্রকৌশলী মুনাজ আহমেদ নূর, আহ্বায়ক, ট্রেনিং ব্যবস্থাপনা কমিটি এবং প্রকৌশলী মোহাম্মাদ আবু সাঈদ সদস্য-সচিব, ট্রেনিং ব্যবস্থাপনা কমিটি। প্রশিক্ষণে ট্রেইনার হিসেবে ছিলেন Mr. Faruque Hossain, Former Secretary of GOB. Ex- DG, CPTU, IMED; National Trainer, Engr. Partha Pradip Sarkar MCIPS, Deputy Project Director, Livestock & Dairy Development |

| | | |
|---|---|---|
| | | Project, Department of Livestock Services, Engr. Tarafder Abu Mahmud, Chairman and founder of InfoBit Lab, Mr. Inthaqab Wahid Ruso, MCIPS, PMP, Executive Engineer of Documentation & Procurement Division in Roads and Highways Department, Mr. Asheque Ahmed Shiblee, national trainer on public procurement, Engr. Munir Siddiquee MPSM, FCIPS, Procurement Consultant, Mr. Rashed Morshed FCIPS Chartered, PMP, PEng., National Trainer, Engr. Md. Abdul Aziz, Procurement specialist and practitioner in BEZA & Mr. Muhammad Shariful Islam, Executive Engineer in LGED. বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান থেকে মোট ১৩ জন প্রশিক্ষণার্থী সফলভাবে প্রশিক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করেন। |
| ২. | ২১ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি., মঙ্গলবার, সকাল ৯:০০ টায়, আইইবি প্রাঙ্গণ | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আইইবি প্রাঙ্গণে ভাষা আন্দোলনে শাহাদাৎ বরণকারী সকল বীরের প্রতি সম্মান জানিয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। |
| | সকাল ১০ টায়, কেন্দ্রীয় শহিদ মিনার | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আইইবি, ঢাকা কেন্দ্রের উদ্যোগে ভাষা শহিদদের স্মরণে শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পন করা হয়। |
| ৩. | ০৭ মার্চ ২০২৩ খ্রি., মঙ্গলবার, সকাল ৯:৩০ টায়, ধানমন্ডিস্থ ৩২ নম্বর বঙ্গবন্ধুর বাসভবন | অগ্নিঝরা মার্চ মাস উপলক্ষে আইইবি সদর দপ্তর ও আইইবি, ঢাকা কেন্দ্রের যৌথ উদ্যোগে আইইবি, ঢাকা কেন্দ্রের উদ্যোগে নির্বাহী কমিটি ও কাউন্সিলের পক্ষ থেকে জাতির মুক্তির মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করা হয়। |
| ৪. | ১৪ই মার্চ, ২০২৩ খ্রি., মঙ্গলবার, বাদ মাগরিব, আইইবি মসজিদ | আইইবি, ঢাকা কেন্দ্রের ভাইস-চেয়ারম্যান (প্রশাসন ও পিএন্ডএসডব্লিউ প্রকৌশলী মো. মুসলিম উদ্দিন-এর রোগমুক্তি ও আশু সুস্থতা কামনায় ঢাকা কেন্দ্রের পক্ষ থেকে দোয়া ও মিলাদ মাহফিল আয়োজিত হয়। |
| ৫. | ১৭ মার্চ, ২০২৩ খ্রি., শুক্রবার, সকাল ০৭:৩০ টায়, ধানমন্ডিস্থ ৩২ নম্বর বঙ্গবন্ধুর বাসভবন | আইইবি সদর দপ্তর ও আইইবি, ঢাকা কেন্দ্রের যৌথ উদ্যোগে নির্বাহী কমিটি ও কাউন্সিলের পক্ষ থেকে জাতির পিতার ১০৩তম জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়ে পুষ্পাঞ্জলি অর্পণ করা হয়। |
| | দুপুর ১১:০০ টায়, আইইবি পুরাতন ভবনের সেমিনার কক্ষে | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান - এর ১০৩তম জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া ও কেক কাটা হয়। |
| ৬. | ২০ মার্চ, ২০২৩ খ্রি., সোমবার, বিকাল ০৫:০০ টায়, আইইবি কাউন্সিল কক্ষে | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) সদর দপ্তর এবং আইইবি ঢাকা কেন্দ্রের যৌথ উদ্যোগে 'আলোচনা সভা ও দোয়া মাহফিল' আয়োজন করা হয়।<br>প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **জনাব শ ম রেজাউল করিম এমপি**, মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।<br>বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন **ইঞ্জিনিয়ার মো. আবদুস সবুর**, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ এবং প্রাক্তন প্রেসিডেন্ট, আইইবি। অনুষ্ঠানে সম্মানিত আলোচক ছিলেন **ইঞ্জিনিয়ার মো. নুরুজ্জামান**, ভাইস-প্রেসিডেন্ট (এইচআরডি), আইইবি, **ইঞ্জিনিয়ার খন্দকার মনজুর মোর্শেদ**, ভাইস-প্রেসিডেন্ট (প্রশাসন ও অর্থ), আইইবি, **ইঞ্জিনিয়ার মোহাম্মদ হোসাইন**, ভাইস-প্রেসিডেন্ট (একাডেমিক ও আন্তর্জাতিক), আইইবি, **ইঞ্জিনিয়ার এস. এম. মনজুরুল হক মঞ্জু**, ভাইস-প্রেসিডেন্ট (এসএন্ডডব্লিউ), আইইবি ও **ইঞ্জিনিয়ার মোল্লা মোহাম্মদ আবুল হোসেন**, চেয়ারম্যান, আইইবি ঢাকা কেন্দ্র। অনুষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন করেন **ইঞ্জিনিয়ার মো. নূরুল হুদা**, প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ। |

| | | |
|---|---|---|
| ৭. | ২৬ মার্চ, ২০২৩ খ্রি., শুক্রবার, সকাল ৯:০০ টায়, আইইবি প্রাঙ্গণ | স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে মহান স্বাধীনতা যুদ্ধে আত্মোৎসর্গকারী সূর্য সন্তানদের প্রতি সম্মান জানিয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। |
| | সকাল ১০:০০ টায়, ধানমন্ডিস্থ ৩২ নম্বর বঙ্গবন্ধুর বাসভবন | আইইবি সদর দপ্তর ও আইইবি, ঢাকা কেন্দ্রের যৌথ উদ্যোগে স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উপলক্ষে নির্বাহী কমিটি ও কাউন্সিলের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করা হয়। |
| | সকাল ১১:০০ টায়, সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে | স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উপলক্ষে আইইবি সদর দপ্তর ও আইইবি, ঢাকা কেন্দ্রের যৌথ উদ্যোগে মহান স্বাধীনতা যুদ্ধে আত্মোৎসর্গকারী সূর্য সন্তানদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানো হয়। |
| ৮. | ১১-১৭ এপ্রিল, ২০২৩ খ্রি., মঙ্গল-সোম, বিকাল ৫:৩০ মিনিট, আইইবি প্রাঙ্গণ | পবিত্র মাহে রমজান উপলক্ষে আইইবি, ঢাকা কেন্দ্রের উদ্যোগে এতিম, অসহায় ও দুস্থদের মাঝে সপ্তাহব্যাপী ইফতার বিতরণ করা হয়। |
| ৯. | ০৬ মে, ২০২৩ খ্রি., শনিবার, সকাল ১১:৩০ মিনিটে, আইইবি কাউন্সিল হল | আইইবি'র ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। |
| ১০. | ০৭ মে, ২০২৩ খ্রি., রবিবার, সকাল ১০:০০ টায়, আইইবি কাউন্সিল হল | আইইবি'র ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আইইবি সদর দপ্তর ও ঢাকা কেন্দ্রের যৌথ উদ্যোগে আইইবি সদর দফতরস্থ শহিদ প্রকৌশলী ভবনের সামনে জাতীয় পতাকা ও আইইবি'র পতাকা উত্তোলন করা হয়। |
| | সকাল ১০:১০ মিনিট, আইইবি সদর দফতর প্রাঙ্গণ | আইইবি'র ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে প্রকৌশলীদের সম্মিলিত অংশগ্রহণে শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। |
| | সকাল ১০:৩০ মিনিট, আইইবি সদর দফতর প্রাঙ্গণ | আইইবি'র ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে প্রকৌশলীদের সম্মিলিত অংশগ্রহণে উৎসব র‍্যালী অনুষ্ঠিত হয়। |
| | সকাল ১১:০০ মিনিট, আইইবি পুরাতন ভবনের সেমিনার কক্ষ, আইইবি | আইইবি'র ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আইইবি সদর দপ্তর ও ঢাকা কেন্দ্রের যৌথ উদ্যোগে স্মৃতিচারণ ও আলোচনা সভা এবং প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা অনুষ্ঠান আয়োজিত হয়। |
| ১১. | ১১-১৬ই মে, ২০২৩ খ্রি., বৃহস্পতিবার-মঙ্গলবার | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)'র ৬০তম কনভেনশন অনুষ্ঠিত হয়। ০৬ দিনব্যাপী কনভেনশনে মোট ৩৭৮২ জন প্রকৌশলী নিবন্ধন করেন। ২০১৯ সালের পর কোভিড-১৯ মহামারীর কারণে আইইবি'র কনভেনশন চার বছর পর অনুষ্ঠিত হয়েছে। তাই স্বাভাবিকভাবেই এই কনভেনশন ঘিরে সম্মানিত প্রকৌশলীবৃন্দের অধিক আগ্রহ ছিল। যার কারণে এবারের কনভেনশনকে বিগত কনভেনশন থেকে একটু আলাদা আঙ্গিকে স্মার্ট বাংলাদেশের প্রতিফলন ঘটাতে স্মার্টলি আয়োজন করার চেষ্টা করা হয়েছে।<br>• **১১ই মে, ২০২৩ খ্রি. ঃ**<br>সকাল ১০:০০-১৯:০০ মিনিট ঃ কনভেনশনে অংশগ্রহণকারী প্রকৌশলীবৃন্দকে কনভেনশনের রেজিস্ট্রেশন সামগ্রী প্রদান করা হয়।<br>বিকাল ১৪:০০-১৬:০০ মিনিট ঃ ছাত্র বিষয়ক অনুষ্ঠান আয়োজিত হয়।<br>প্রধান অতিথি ঃ **প্রকৌশলী মো. নূরুল হুদা**, মাননীয় প্রেসিডেন্ট, আইইবি।<br>বিশেষ অতিথি ঃ **প্রকৌশলী মো. শাহাদাৎ হোসেন (শীবলু), পিইঞ্জ,** সম্মানী সাধারণ সম্পাদক, আইইবি<br>সভাপতি ঃ **প্রকৌশলী মোল্লা মোহাম্মদ আবুল হোসেন,** চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র<br>বিকাল ১৬:০০-১৬:৩০ মিনিট ঃ আইইবি ঢাকা কেন্দ্র কর্তৃক আয়োজিত প্রদর্শণীর শুভ উদ্বোধন করা হয়।<br>শুভ উদ্বোধন করেন ঃ **প্রকৌশলী মো. নূরুল হুদা**, মাননীয় প্রেসিডেন্ট, আইইবি।<br>বিকাল ১৬:৩০-১৭:০০ মিনিট ঃ আইইবি মহিলা কমিটি কর্তৃক আয়োজিত মীণা বাজারের শুভ উদ্বোধন করা হয়।<br>শুভ উদ্বোধন করেন ঃ **প্রকৌশলী মো. নূরুল হুদা,** মাননীয় প্রেসিডেন্ট, আইইবি।<br>বিকাল ১৭:০০-১৯:০০ মিনিট ঃ আইইবি মহিলা কমিটি কর্তৃক আয়োজিত শিশু কার্যক্রম অনুষ্ঠিত হয়।<br>প্রধান অতিথি ঃ **প্রকৌশলী মো. নূরুল হুদা,** মাননীয় প্রেসিডেন্ট, আইইবি।<br>বিশেষ অতিথি ঃ **প্রকৌশলী মো. শাহাদাৎ হোসেন (শীবলু), পিইঞ্জ**, সম্মানী সাধারণ সম্পাদক, আইইবি |

**প্রকৌশলী মোল্লা মোহাম্মদ আবুল হোসেন,** চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র
**প্রকৌশলী কাজী খায়রুল বাশার,** সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র
বিকাল ১৭:০০-১৮:৩০ মিনিট ঃ শহিদ প্রকৌশলী স্মৃতি বক্তৃতা অনুষ্ঠিত হয়।
প্রধান অতিথি ঃ **জনাব আসাদুজ্জামান খান কামাল, এমপি,** মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
প্রবন্ধ উপস্থাপক ঃ **ড. প্রকৌশলী মুনাজ আহমেদ নূর**, চেয়ারম্যান, সিভিল ইঞ্জিনিয়ারিং ডিভিশন, আইইবি।
সভাপতি ঃ **প্রকৌশলী মোঃ কবির আহমেদ ভূঞা**, প্রাক্তন প্রেসিডেন্ট, আইইবি।

- **১২ই মে, ২০২৩ খ্রি. ঃ**

সকাল ১০:০০-১৯:০০ মিনিট ঃ কনভেনশনে অংশগ্রহণকারী প্রকৌশলীবৃন্দকে কনভেনশনের রেজিস্ট্রেশন সামগ্রী প্রদান করা হয়।
সকাল ১০:০০-১১:৩০ মিনিট ঃ আইইবি'র কেন্দ্রীয় কাউন্সিল সভা অনুষ্ঠিত হয়।
সকাল ১১:৩০-১২:৩০ মিনিট ঃ কনভেনশনের প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়।
দুপুর ১৪:৩০-১৬:০০ মিনিট ঃ প্রকৌশলী এম.এ. জব্বার স্মৃতি বক্তৃতা অনুষ্ঠিত হয়।
প্রধান অতিথি ঃ **জনাব শরীফ আহমেদ এমপি,** মাননীয় প্রতিমন্ত্রী, গৃহায়ণ ও গনপূর্ত মন্ত্রণালয়।
প্রবন্ধ উপস্থাপক ঃ **অধ্যাপক ড. প্রকৌশলী মো. মিজানুর রহমান**, অধ্যাপক, সিভিল ইঞ্জিনিয়ারিং ডিভিশন, বুয়েট।
সভাপতি ঃ **প্রকৌশলী মোঃ মনোয়ার হোসেন চৌধুরী, পিইঞ্জ**, সদস্য, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি ও প্রাক্তন ভাইস-প্রেসিডেন্ট, আইইবি।
বিকাল ১৬:১৫-১৮:০০ মিনিট ঃ শহিদ প্রকৌশলী পরিবারের সম্বর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজিত হয়।
প্রধান অতিথি ঃ **লেফটেন্যান্ট কর্নেল মুহাম্মদ ফারুক খান, এমপি,** প্রেসিডিয়াম মেম্বার, বাংলাদেশ আওয়ামীলীগ।
বিশেষ অতিথি ঃ **প্রকৌশলী মো. আবদুস সবুর,** বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ এবং প্রাক্তন প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, **প্রকৌশলী মো. নূরুল হুদা,** মাননীয় প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ এবং **প্রকৌশলী মো. শাহাদাৎ হোসেন (শীবলু), পিইঞ্জ,** সম্মানী সাধারণ সম্পাদক, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ।
সভাপতি ঃ **প্রকৌশলী মোল্লা মোহাম্মদ আবুল হোসেন,** আইইবি, ঢাকা কেন্দ্র।

- **১৩ই মে, ২০২৩ খ্রি. ঃ**

সকাল ১১:০০-১২:৩০ মিনিট ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনা এমপি** আইইবি'র ৬০তম কনভেনশনের **শুভ উদ্বোধন** করেন।
দুপুর ১৪:৩০-১৬:০০ মিনিট ঃ ড. প্রকৌশলী এম.এ. রশিদ স্মৃতি বক্তৃতা অনুষ্ঠিত হয়।
প্রধান অতিথি ঃ **জনাব শ ম রেজাউল করিম এমপি**, মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
প্রবন্ধ উপস্থাপক ঃ **অধ্যাপক ড. প্রকৌশলী আব্দুল জব্বার খান**, উপ-উপাচার্য, বুয়েট।
সভাপতি ঃ **প্রকৌশলী মো. আবদুস সবুর,** বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ এবং প্রাক্তন প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

বিকাল ১৬:৩০-১৮:০০ মিনিট ঃ অধ্যাপক ডঃ প্রকৌশলী জামিলুর রেজা চৌধুরী স্মৃতি বক্তৃতা অনুষ্ঠিত হয়।
প্রধান অতিথি ঃ **ড. মসিউর রহমান**, মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা।
প্রবন্ধ উপস্থাপক ঃ **ড. প্রকৌশলী এম. শামীম জেড. বসুনিয়া, পিইঞ্জ**, প্রাক্তন প্রেসিডেন্ট, আইইবি
সভাপতি ঃ **প্রকৌশলী মো. নূরুল হুদা,** মাননীয় প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ।
সন্ধ্যা ১৮:৩০-২১:৩০ মিনিট ঃ আইইবি'র ৬০তম কনভেনশনের কনভেনশন নাইট অনুষ্ঠিত হয়।

- **১৪ই মে, ২০২৩ খ্রি. ঃ**

সকাল ০৯:৩০-১০:৩০ মিনিট ঃ জাতীয় সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়।
প্রধান অতিথি ঃ **বেগম মতিয়া চৌধুরী**, মাননীয় উপনেতা, বাংলাদেশ জাতীয় সংসদ।
প্রবন্ধ উপস্থাপক ঃ **অধ্যাপক ড. প্রকৌশলী মোহাম্মদ মাহফুজুল ইসলাম**, ভাইস-চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়।
সভাপতি ঃ **প্রকৌশলী মো. নূরুল হুদা,** মাননীয় প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ।
সকাল ১০:৩০-১৩:১৫ মিনিট ঃ আইইবি'র ৬৪তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।
সন্ধ্যা ১৬:১০-২১:০০ মিনিট ঃ আইইবি মহিলা কমিটি কর্তৃক কালচারাল প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।
প্রধান অতিথি ঃ **প্রকৌশলী মো. নূরুল হুদা,** মাননীয় প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ
বিশেষ অতিথি ঃ **প্রকৌশলী মো. শাহাদাৎ হোসেন (শীবলু), পিইঞ্জ**, সম্মানী সাধারণ সম্পাদক, আইইবি
**প্রকৌশলী মোল্লা মোহাম্মদ আবুল হোসেন,** চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র
**প্রকৌশলী কাজী খায়রুল বাশার,** সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র
রাত ১৯:০০-২০:৩০ মিনিট ঃ বিদেশী অতিথিদের সম্বর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজিত হয়।

- **১৫ই মে, ২০২৩ খ্রি. ঃ**

সকাল ১০:০০-১১:৩০ মিনিট ঃ জাতীয় সেমিনারের ১ম সেশন অনুষ্ঠিত হয়।
সকাল ১১:৪৫-১৩:১৫ মিনিট ঃ জাতীয় সেমিনারের ২য় সেশন অনুষ্ঠিত হয়।
দুপুর ১৪:০০-১৫:১৫ মিনিট ঃ জাতীয় সেমিনারের সমাপণী অনুষ্ঠান আয়োজিত হয়।
প্রধান অতিথি ঃ **জনাব এম.এ. মান্নান, এমপি,** মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সভাপতি ঃ **প্রকৌশলী মো. নূরুল হুদা,** মাননীয় প্রেসিডেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ।
বিকাল ১৫:৩০-১৭:০০ মিনিট ঃ আইইবি'র ৬০তম কনভেনশনের সমাপণী অনুষ্ঠান আয়োজিত হয়।
রাত ১৯:০০-২১:০০ মিনিট ঃ আইইবি'র ৬০তম কনভেনশনের ডিনার অনুষ্ঠিত হয়।

| | | |
|---|---|---|
| | | প্রধান অতিথি ঃ **জনাব এম. এ. মান্নান, এমপি,** মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>প্রধান অতিথি ঃ **ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, এমপি,** প্রেসিডিয়াম মেম্বার, বাংলাদেশ আওয়ামীলীগ। |
| ১২. | ২০ - ২৪ মে, ২০২৩ খ্রি., শনি-বুধবার (৫ দিনব্যাপী), আইইবি ঢাকা কেন্দ্রের কাউন্সিল হল | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্রের উদ্যোগে Public Procurement (PP) -এ দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে "5 days Practitioners Certificate Course on PPR & DP Funded Procurements" Batch-P05 – প্রশিক্ষণ আয়োজন করে। প্রশিক্ষণটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রকৌশলী মোল্লা মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র, প্রকৌশলী কাজী খায়রুল বাশার, সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র, অধ্যাপক ড. প্রকৌশলী মুনাজ আহমেদ নূর, আহ্বায়ক, ট্রেনিং ব্যবস্থাপনা কমিটি এবং প্রকৌশলী মোহাম্মাদ আবু সাঈদ সদস্য-সচিব, ট্রেনিং ব্যবস্থাপনা কমিটি। প্রশিক্ষণে ট্রেইনার হিসেবে ছিলেন Mr. Faruque Hossain, Former Secretary of GOB. Ex- DG, CPTU, IMED; National Trainer, Engr. Partha Pradip Sarkar MCIPS, Deputy Project Director, Livestock & Dairy Development Project, Department of Livestock Services, Engr. Tarafder Abu Mahmud, Chairman and founder of InfoBit Lab, Mr. Inthaqab Wahid Ruso, MCIPS, PMP, Executive Engineer of Documentation & Procurement Division in Roads and Highways Department, Mr. Asheque Ahmed Shiblee, national trainer on public procurement, Engr. Munir Siddiquee MPSM, FCIPS, Procurement Consultant, Mr. Rashed Morshed FCIPS Chartered, PMP, PEng., National Trainer, Engr. Md. Abdul Aziz, Procurement specialist and practitioner in BEZA & Mr. Muhammad Shariful Islam, Executive Engineer in LGED. বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান থেকে মোট ১৫ জন প্রশিক্ষণার্থী সফলভাবে প্রশিক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করেন।<br><br>উল্লেখ্য, আইইবি, ঢাকা কেন্দ্র থেকে ২০২২ এর ডিসেম্বরে ও ২০২৩ সালে অনুষ্ঠিত মোট ০২ টি ট্রেনিংয়ে গণপূর্ত অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজউক, বিটিসিএল, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা ওয়াসা, বিসিআইসি, পিজিসিবি, টেলিটক বাংলাদেশ লি., তিতাস গ্যাস, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, পেট্রোবাংলা, আইডব্লিউএম, সিইজিআইএস, ডিডিসি, এনার্জিপ্যাক ইত্যাদি সরকারী-বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান থেকে মোট ২৮ জন প্রশিক্ষণার্থী সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করেন। |

❖ **পূর্ত নির্মাণ কর্মসূচীর বিবরণ ঃ**

বুয়েট ওল্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার এ্যাসোসিয়েশন কর্তৃক আইইবি, ঢাকা কেন্দ্রের পুরাতন ভবনের নিচ তলায় ১২০০ স্কয়ার ফিট ও আইইবি, ঢাকা কেন্দ্রের পুরাতন ভবনের ২য় তলার দক্ষিন দিকের বর্ধিত অংশ কুয়েট এক্স স্টুডেন্টস এসোসিয়েশন, ঢাকাকে ভাড়া প্রদান করা হয়েছে। ইতিমধ্যে আইইবি, ঢাকা কেন্দ্রের সাথে বুয়েট ওল্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার এ্যাসোসিয়েশন এর সাথে ০৫ বছর মেয়াদী ও কুয়েট এক্স স্টুডেন্টস এসোসিয়েশন, ঢাকার সাথে ভাড়ার চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। এছাড়া আইইবি, ঢাকা কেন্দ্রের সম্মানী সম্পাদক এর কক্ষ এবং ভাইস-চেয়ারম্যান (একাডেমিক ও এইচআরডি) এর কক্ষের প্রয়োজনীয় সংস্কার কাজ করানো হয়েছে। অফিসিয়াল কার্যক্রমের জন্য ০২ টি নতুন কম্পিউটার ক্রয় করা হয়েছে।

ঢাকা কেন্দ্রের বর্তমান নির্বাহী কমিটির ক্লান্তিহীন পরিশ্রম ও একাগ্রতার দ্বারা অত্যন্ত সফলভাবে আর্থিক অস্বচ্ছলতা সত্ত্বেও কিছু অনুষ্ঠান ব্যতিক্রমী, ভিন্ন আঙ্গিকে ও বিপুল সমাগমে আয়োজন করেছে।

বিভিন্ন কাজের সাথে সংশ্লিষ্ট কমিটিগুলি ঢাকা কেন্দ্র কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে আয়োজনে বিভিন্নভাবে সাহায্য, সহযোগিতা প্রদান করেছে। এজন্য কমিটিসমূহকে ধন্যবাদ জানাচ্ছি।

**সম্মানিত সদস্যবৃন্দ,**

ঢাকা কেন্দ্রের ২০২০-২০২২ সময়ের কাউন্সিলের গত ০৫ মাসের সম্পাদিত কর্মকান্ডের প্রতিবেদন আপনাদের নিকট উপস্থাপন করা হলো। ধৈর্য সহকারে এ প্রতিবেদন শোনার জন্য আমি ঢাকা কেন্দ্রের চেয়ারম্যান ও কাউন্সিলের পক্ষ থেকে আপনাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমরা যা করতে পেরেছি তা নিঃসন্দেহে আপনাদেরই সর্বাত্মক সহযোগিতায়। তাই আমাদের সকল সাফল্যের প্রশংসা আপনাদেরই প্রাপ্য। সকল ব্যর্থতার দায় আমাদের। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনাদের সর্বাত্মক সহযোগিতা, সুচিন্তিত মতামত, পরামর্শ ও দিক নির্দেশনা পেলে আইইবি'র লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন সহজতর হবে এবং আপনাদের কাঙ্খিত প্রত্যাশা পূরণ হবে।

সবার প্রতি রইলো সশ্রদ্ধ সালাম। সবাই সুস্থ থাকুন, সুন্দর থাকুন। এই কামনা করে শেষ করছি।

আল্লাহ হাফেজ-

খায়রুল

**প্রকৌশলী কাজী খায়রুল বাশার, এফ/৭৭৮৮**
সম্মানী সম্পাদক
আইইবি, ঢাকা কেন্দ্র